# মৌলিক ও সৃজনশীল প্রকাশনায় ISBN গ্রহণ এবং প্রকাশিত বই জাতীয় গ্রন্থাগারে জমাদান বিষয়ক কর্মশালা এর প্রতিবেদন:

# সিরাজগঞ্জ জেলা

**তারিখ: ০৪ - ০৭ নভেম্বর ২০২৫**

**আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর**
**৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি**
**আগারগাঁও, শেরেবাংলা নগর**
**ঢাকা-১২০৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
৩২, বিচারপতি সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।

মৌলিক ও সৃজনশীল প্রকাশনায় ISBN গ্রহণ এবং প্রকাশিত বই জাতীয় গ্রন্থাগারে জমাদান বিষয়ক কর্মশালায় অংশগ্রহণের নিমিত্ত অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খন্দকার জহিরুল ইসলাম-এর নেতৃত্বে ০৯ (নয়) সদস্য বিশিষ্ট একটি প্রতিনিধিদল স্মারক: ৪৩.২৫.০০০০.০০৩.২৫.২০২.২২/২৬২৫; তারিখ: ৩০/১০/২০২৫ খ্রি. এর এক অফিস আদেশবলে ০৪/১১/২০২৫ হতে ০৭/১১/২০২৫ তারিখ সিরাজগঞ্জ জেলা ভ্রমণ করেন। প্রতিনিধিদলের অন্যান্য সদস্যগণ হলেন:


| ক্রমিক নং | নাম ও পদবি | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ০১ | জনাব মোঃ জামাল উদ্দিন<br>চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক | **স্বাক্ষরিত** |
| ০২ | জনাব তাহমিনা আক্তার<br>উপপরিচালক(আরকাইভস) | **স্বাক্ষরিত** |
| ০৩ | জনাব মোঃ আলী আকবর<br>সহকারী পরিচালক | **স্বাক্ষরিত** |
| ০৪ | ড. মোখলেছুর রহমান<br>সহকারী পরিচালক (আরকাইভস) | **স্বাক্ষরিত** |
| ০৫ | জনাব সামিমা ইয়াসমিন<br>সিনিয়র লাইব্রেরিয়ান (চলতি দায়িত্ব) | **স্বাক্ষরিত** |
| ০৬ | জনাব মোহাম্মদ ফরিদী<br>আইসিটি ল্যাব টেকনিশিয়ান | **স্বাক্ষরিত** |
| ০৭ | জনাব বলরাম দে<br>সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর | **স্বাক্ষরিত** |
| ০৮ | জনাব বছির উদ্দিন<br>অফিস সহায়ক | **স্বাক্ষরিত** |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭

## একনজরে সিরাজগঞ্জ জেলার কর্মশালা

**ভ্রমণের উদ্দেশ্য :** মৌলিক ও সৃজনশীল প্রকাশনায় ISBN গ্রহণ এবং প্রকাশিত বই জাতীয় গ্রন্থাগারে জমাদান বিষয়ক কর্মশালায় অংশগ্রহণ।

**ভ্রমণের স্থান :** সিরাজগঞ্জ জেলা প্রশাসকের কার্যালয়, সিরাজগঞ্জ।




**ভ্রমণের তারিখ :** ০৪/১১/২০২৫ হতে ০৭/১১/২০২৫ খ্রি.।

**কর্মশালায় উপস্থিতির সংখ্য :** ২০ জন (লেখক, গবেষক, গ্রন্থাগার পেশাজীবী ও জেলা প্রশাসকের কার্যালয়ের কর্মকর্তাগণ।

**আলোচ্য বিষয় :** সিরাজগঞ্জ জেলার লেখক, প্রকাশক, গবেষক, গ্রন্থাগারিক, জেলা প্রশাসক কার্যালয়ের কর্মকর্তাগণ ও সংস্কৃতিমনা ব্যক্তিবর্গের সমন্বয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়। মৌলিক ও সৃজনশীল প্রকাশনায়

ISBN গ্রহণ, সিরাজগঞ্জ জেলায় প্রকাশিত বই বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারে জমাদান এবং অংশগ্রহণকারীদের জাতীয় গ্রন্থপঞ্জি প্রদান, জাতীয় গ্রন্থাগারের কার্যক্রম ও সেবা সম্পর্কে আলোচনা করা হয়।

## <u>সিরাজগঞ্জ জেলায় অনুষ্ঠিত কর্মশালার কিছু স্থিরচিত্র</u>




কর্মশালায় প্রধান অতিথি হিসাবে অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার জহিরুল ইসলাম ও সভাপতি হিসাবে সিরাজগঞ্জ জেলার বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক জনাব মুহাম্মদ নজরুল ইসলাম।



কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন সিরাজগঞ্জ জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট জনাব মোছা: ইশরাত জাহান।



কর্মশালায় পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন করেন অধিদপ্তরের চিফ বিবলিওগ্রাফার /উপপরিচালক জনাব মোঃ জামাল উদ্দিন।




কর্মশালায় প্রধান অতিথির বক্তব্য প্রদান করেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব খন্দকার জহিরুল ইসলাম।






সিরাজগঞ্জ জেলায় অনুষ্ঠিত কর্মশালায় অংশগ্রহণকারী প্রকাশক, লেখক, গবেষক, জেলা প্রশাসনের কর্মকর্তা ও গ্রন্থাগার পেশাজীবীগণ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তর
সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
৩২, এস, এম মোর্শেদ সরণি
আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা।
www.nanl.gov.bd

# কর্মশালায় সিরাজগঞ্জ জেলার লেখকগণের নিকট হতে তাৎক্ষণিকভাবে প্রাপ্ত পুস্তকসমূহ

| ক্র. নং | পুস্তকের শিরোনাম | লেখক/সম্পাদকের নাম | প্রকাশ কাল | সংখ্যা |
|---|---|---|---|---|
| ০১. | তাঁতকুঞ্জ, সিরাজগঞ্জ | জেলা প্রশাসন, সিরাজগঞ্জ | ২০১৮ | ১ |
| ০২. | লাল শাড়ি | নূরে জান্নাত | ২০২১ | ১ |
| ০৩. | নির্বাসিত সুখ | নূরে জান্নাত | ২০২২ | ১ |
| ০৪. | পাজরে পোষা পায়রা | আশরাফ খান | ২০২৫ | ১ |
| ০৫. | ক্যাফে টাইমস | আশরাফ খান | ২০২১ | ১ |
| ০৬. | ডুবে আছি অজস্র দৃশ্যের ভেতর | জাহিদ হাসান | ২০২৫ | ১ |
| | | | মোট= | ০৬(ছয়)টি |

# সিরাজগঞ্জ জেলার বিস্তারিত ভ্রমণ প্রতিবেদন

আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের স্মারক: ৪৩.২৫.০০০০.০০৩.২৫.২০২.২২/**২৬২৭**; তারিখ: ৩০/১০/২০২৫ খ্রি. এর এক অফিস আদেশবলে **"মৌলিক ও সৃজনশীল প্রকাশনায় ISBN গ্রহণ এবং প্রকাশিত বই জাতীয় গ্রন্থাগারে জমাদান বিষয়ক"** কর্মশালায় অংশগ্রহণের উদ্দেশ্যে এই ভ্রমণ।

গত ০৬ নভেম্বর ২০২৫ তারিখে সিরাজগঞ্জ জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে কর্মশালাটি অনুষ্ঠিত হয়। কর্মশালায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক (অতিরিক্ত সচিব) জনাব খন্দকার জহিরুল ইসলাম এবং সভাপতি হিসাবে উপস্থিত ছিলেন সিরাজগঞ্জ জেলার বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট ও জেলা প্রশাসক জনাব মুহাম্মদ নজরুল ইসলাম। কর্মশালায় স্বাগত বক্তব্য রাখেন সিরাজগঞ্জ জেলা প্রশাসনের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট এর দায়িত্বে নিয়োজিত জনাব মোছা: ইশরাত জাহান। কর্মশালায় আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের চীফ বিবলিওগ্রাফার /উপপরিচালক জনাব মোঃ জামাল উদ্দিন বাংলাদেশ জাতীয় গ্রন্থাগারের উদ্দেশ্য, কার্যাবলি, সেবা, কপিরাইট আইনে পুস্তকাদি জমাদান এবং ISBN বিষয়ে বিস্তারিত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশনের মাধ্যমে তুলে ধরেন। কর্মশালার উন্মুক্ত আলোচনায় অংশগ্রহণকারীদের রেজিস্ট্রেশন ও অন্যান্য দায়িত্ব পালন করেন অধিদপ্তরের সিনিয়র লাইব্রেরিয়ান (চলতি দায়িত্ব) জনাব সামিমা ইয়াসমিন ও জনাব মোহাম্মদ ফরিদী, আইসিটি ল্যাব টেকনিসিয়ান। কর্মশালায় সিরাজগঞ্জ জেলার লেখক, গবেষক, জেলা প্রশাসনের কর্মকর্তা, গ্রন্থাগার পেশাজীবীগণ তাদের মতামত ও সুপারিশ প্রদান করেন। প্রধান অতিথির বক্তৃতায় জনাব খন্দকার জহিরুল ইসলাম পুস্তকের ISBN এর গ্রহণ নিশ্চিতকরণ এবং জাতীয় গ্রন্থাগারে ০১কপি করে পুস্তক জমাদান করার জন্য সংশ্লিষ্ট প্রকাশক, গবেষক ও লেখকদেরকে অনুরোধ করেন। কর্মশালার সভাপতি মহোদয় তাঁর বক্তব্যে এ ধরনের বুদ্ধিবৃত্তিক কর্মশালা আয়োজনের জন্য আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরের মহাপরিচালক ও তার সঙ্গে আগত প্রতিনিধিদলকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

**সুপারিশ:**

সিরাজগঞ্জ জেলায় বর্ণিত কর্মশালায় অংশগ্রহণ এর আলোকে প্রতিনিধিদল কর্তৃক কিছু সুপারিশমালা নিম্নরুপ:

১. দেশের প্রতিটি ডিসি অফিসে ডাকযোগে ০১ কপি করে জাতীয় গ্রন্থপঞ্জি প্রেরণের ব্যবস্থা করা।
২. পর্যায়ক্রমে প্রতিটি বিভাগ ও জেলায় অনুরূপ সচেতনতামূলক সেমিনার/কর্মশালার আয়োজন করা।
৩. জাতীয় গ্রন্থপঞ্জি অনলাইনে প্রকাশের পাশাপাশি নিয়মিতভাবে প্রিন্ট আকারে প্রকাশ ও বিতরণের ব্যবস্থা করা।
৪. ISBN এর সাথে প্রতিটি বইয়ের ক্যাটালগ করে দেয়া অর্থ্যাৎ ক্যাটালগিং ইন পাবলিকেশন (CIP) সেবা চালু করা।
৫. আরকাইভস ও গ্রন্থাগার অধিদপ্তরে সংরক্ষিত ম্যাপগুলো সেবাদানের ক্ষেত্রে পাঠক বা গবেষকের চাহিদা অনুযায়ী হুবহু ফটোকপি বা প্রিন্ট সেবা প্রদান করা।

(মোঃ জামাল উদ্দিন)
চিফ বিবলিওগ্রাফার/উপপরিচালক
প্রতিনিধিদলের পক্ষে